গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

**বিষয়: মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির জুলাই ২০২২ মাসের প্রতিবেদন।**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন মনিটরিং এর লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৫ জুলাই ২০২২ তারিখের স্মারক নম্বর ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ এর মাধ্যমে মাস ভিত্তিক পরিশোধিত তেল আমদানির কার্যক্রম মনিটরিং এর জন্য একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি অনুযায়ী প্রতি মাসে অন্তত একটিসহ ২০২২-২০২৩ অর্থবছরে ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং বর্ণিত কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২। ২০২২-২৩ অর্থবছরে APA'তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত চুক্তির অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি' কার্যক্রমের আওতায় ৪০ (চল্লিশ) লক্ষ মে. টন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

**বাস্তবায়ন অগ্রগতি:**

**২.১) পরিশোধিত তেল আমদানি কার্যক্রম:**

❖ ২০২২-২৩ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৪০.০০ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। দেশের জ্বালানি তেলের চাহিদা পূরণের লক্ষ্যে জুলাই, ২০২২ মাসে জাহাজযোগে ১৫টি পার্সেলের মাধ্যমে এবং রেল ওয়াগনের মাধ্যমে ৩ (তিন)টি পার্সেলে জ্বালানি তেল আমদানির পরিকল্পনা গ্রহণ করা হয়। উক্ত পরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমদানিকৃত সারসংক্ষেপ নিম্নরূপ:

পরিমাণ: মেট্রিক টন


| পণ্য | আমদানি পরিকল্পনা (+/-১০%) | আমদানিকৃত পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ডিজেল (NRLসহ সহ) | ২,৯৯,৬০০ | ৩,২৩,৩৫১ | ১। আমদানিসূচি অনুযায়ী মোট ১৫টি পার্সেলে বিভিন্ন সরবরাহকারী প্রতিষ্ঠান হতে ৪,৭০,৬৩০ মে. টন পরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয়েছে।<br>২। এছাড়া, নুমালীগড় রিফাইনারি লিমিটেড (NRL), ভারত হতে জুলাই, ২০২২ মাসে রেল ওয়াগনের মাধ্যমে কোন ডিজেল সরবরাহ করেনি। |
| জেটএ-১ | ৪০,০০০ | ৪৩,০৭২ | |
| ফার্নেস অয়েল | ৫০,০০০ | ৫৩,৩৫৮ | |
| অকটেন | ৫০,০০০ | ৫০,৮৪৯ | |
| **মোট** | **৪,৩৯,৬০০** | **৪,৭০,৬৩০** | |

**২.২) পরিদর্শন কার্যক্রমঃ**

পরিশোধিত তেল আমদানি কার্যক্রম সরেজমিন পরিদর্শনের লক্ষ্যে গত ২২/০৭/২২২ তারিখে মনিটরিং কমিটির সদস্য সচিব জনাব এস, এম, জুবায়ের হাসান, ব্যবস্থাপক (প্রশাসন), বিপিসি মেঘনা পেট্রোলিয়াম কোম্পানি লিমিটেড (MPL)'র Main Installation (MI) পরিদর্শন করেন। তিনি পরিশোধিত জ্বালানি তেলের পেট্রোলিয়াম পণ্যের ঘনত্ব পরিমাপ, পেট্রোলিয়াম পণ্যের তাপমাত্রা পরিমাপ, পেট্রোলিয়াম পণ্য Ullaging, ল্যাবে সান্দ্রতা পরিমাপ, ল্যাবে ঘনত্ব পরিমাপ এবং পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড (POLC)'র তেলের ট্যাঙ্কসহ নানাবিধ কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনকালে MPL'র সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

**চলমান পাতা-২**

২.৩) **স্থিরচিত্রঃ**



চিত্র-১: পরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য সচিব কর্তৃক MPL'র ল্যাবরেটরি পরিদর্শন।



চিত্র-২: পরিশোধিত তেল মনিটরিং কমিটির সদস্য সচিব কর্তৃক MPL'র প্রধান স্থাপনা পরিদর্শন।

৩। ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই, ২০২২ সময়ের পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ও অর্জনের বিবরণ নিম্নরূপ:

লক্ষ মে. টন

| কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন | |
|---|---|---|---|
| | | জুলাই | সর্বমোট |
| ১.১) পরিশোধিত তেল আমদানি | ৪০.০০ | ৪.৭১ | ৪.৭১ |

উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে জুলাই ২০২২ মাসে ৩.৩৩ মে. টন পরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রা ছিল। উল্লিখিত মাসে ৪.৭১ লক্ষ মে. টন পরিশোধিত তেল আমদানির করা হয়, যা নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অর্জন ১৪১.৪৪%।

৪। **কমিটির মন্তব্য/সুপারিশ:**

| ক্রম. | মন্তব্য/সুপারিশ | বাস্তবায়নে |
|---|---|---|
| ৪.১ | ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জ্বালানি তেল আমদানির মাসভিত্তিক/বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন অব্যাহত রাখতে হবে। | বিপিসি |
| ৪.২ | জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে বিপিসি-কে জ্বালানি তেল স্টোরেজ ক্যাপাসিটি বৃদ্ধি করতে হবে। | বিপিসি |
| ৪.৩ | জ্বালানি তেল আমদানি প্রক্রিয়া নিশ্চিত করার লক্ষ্যে জেটিসমূহের প্রয়োজনীয় সংস্কার করতে হবে। | বিপিসি |

| | | | |
|---|---|---|---|
| জনাব এস, এম, জুবায়ের হাসান<br>ম্যানেজার (প্রশাসন)<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন<br>ও<br>সদস্য সচিব<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন<br>উপসচিব (অপারেশন-১ শাখা)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>সদস্য<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | মোল্লা মিজানুর রহমান<br>উপসচিব (প্রশাসন-৩)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>সদস্য<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি | ড. মোঃ রফিকুল ইসলাম<br>যুগ্মসচিব (পরিকল্পনা)<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>ও<br>আহবায়ক<br>মাসিক ভিত্তিতে পরিশোধিত তেল আমদানি কাজ মনিটরিং কমিটি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
অপারেশন-১ শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.২৮৪

তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

বিষয়: **২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপকমিটির সভা।**

# সভার নোটিশ

২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক পরিশোধিত তেল আমদানি সংক্রান্ত মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত উপকমিটির আহবায়ক ও জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের যুগ্মসচিব (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে ভার্চুয়াল সভা আগামী ৩১.০৭.২০২২ তারিখ রবিবার দুপুর ২.৩০ ঘটিকায় নিম্নবর্ণিত লিংকে অনুষ্ঠিত হবে:

Time: 31 July, 2022, 2.30 PM Astana, Dhaka
Meeting ID: 242 963 7481
Pass code: 012022

২। কমিটির সকল সদস্যকে যথাসময়ে ভার্চুয়াল সভায় সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-৭-২০২২
শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব
ফোন: ৫৫১০০২৭১
ইমেইল: dsop1@emrd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) যুগ্মসচিব (পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) উপসচিব (প্রশাসন-৩ অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) ম্যানেজার (এমআইএস) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২৬.১৬.০০১.২২.২৮৪/১(৪) তারিখ: ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান (সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

২) অতিরিক্ত সচিব (অপারেশন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪) প্রোগ্রামার (আইসিটি শাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশ এবং ভার্চুয়াল সভা অয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।



২৮-৭-২০২২
শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন
উপসচিব